দৈনিক বাংলা

তারিখ 31 DEC 1992
পৃষ্ঠা ৬ কলাম ৭

59

## অভিভাবকরা বিপদে পড়েছেন

# পরীক্ষার ফি দ্বিগুণ আদায়

নিজস্ব সংবাদদাতা ঃ রংপুর, ৩০ ডিসেম্বর।– রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন আসন্ন এসএসসি পরীক্ষার ফরম পূরণের নামে বিভিন্ন উচ্চ বিদ্যালয় দ্বিগুণ ফি আদায় করছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। এতে অভিভাকরা বিপদে পড়েছেন।

বৃহত্তর রংপুর ও দিনাজপুর অঞ্চলের ৩৮টি সরকারী ও ৮৯৬ টি বেসরকারী উচ্চ বিদ্যালয়ে বর্তমানে ফরম পূরণের কাজ চলছে। এরমধ্যে বহুসংখ্যক বেসরকারী বিদ্যালয়ে শিক্ষকরা বোর্ড নির্ধারিত ফি–এর তিন–চারগুণ অতিরিক্ত ফি অবৈধভাবে আদায় করছে।

বোর্ডের নিয়ম অনুযায়ী প্রতি তত্ত্বীয় বিষয়ে ৩০ টাকা, ব্যবহারিক বিষয়ে ২০ টাকা, মার্কসশীট বাবদ ৩০ টাকা এবং নির্ধারিত কেন্দ্র ফি নেয়ার কথা। এছাড়া, সেশন ফি এবং অনুষ্ঠিতব্য পরীক্ষার মাস পর্যন্ত কোন কোন বিদ্যালয়ে জুন মাস পর্যন্ত বেতন নেয়ার পরও ৩শ থেকে ৫শ টাকা পর্যন্ত কোচিং ফি আদায় করা হচ্ছে। অথচ সে অর্থে ছাত্র–ছাত্রীদের কোন কোচিং হচ্ছে না। একজন পরীক্ষার্থীকে ফরম পূরণের জন্য এক হাজার থেকে ১৫শ টাকা পর্যন্ত গুণতে হচ্ছে।